

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
মোংলা, বাগেরহাট।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

নং- ০৫.৪৪.০১৫৮.০০১.১১.০০৩.১৭- ৭৭৬

তারিখ : ১২-১০- ২০১৭ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৬ মে, ২০১৫ খ্রিঃ তারিখের বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক বাগেরহাট জেলার অন্তর্গত মোংলা উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে স্ব-স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার, মোংলা বরাবরে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নম্বর	পদের সংখ্যা	মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা
০১	চিলা	মহল্লাদার	৫ ও ৯	০২	৩,০০০/- (তিন হাজার) টাকা	সর্বনিম্ন অষ্টম শ্রেণী পাশ।
০২	সোনাইলতলা	মহল্লাদার	৪	০১		
০৩	বুড়িরডাঙ্গা	মহল্লাদার	৫	০১		

ঃ শর্তাবলী :

- আবেদনকারীকে আবেদন পত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- আবেদনকারীকে আবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
- প্রার্থীর বয়স আগামী ১২/১১/২০১৭ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছর (মুক্তিযোদ্ধাদের পোষ্যদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য) এর মধ্যে হতে হবে।
- প্রার্থীর উচ্চতা কমপক্ষে ০৫ ফুট ০৩ ইঞ্চি বৃকের মাপ ৩২ ইঞ্চি (স্বাভাবিক অবস্থায়) এবং ওজন সর্বনিম্ন ১০০ পাউন্ড এবং প্রার্থীকে সূঠাম দেহের অধিকারী হতে হবে।
- প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০.০০ (দশ) টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে এবং খামের ওপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- প্রার্থীকে আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে।
(ক) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি যা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (খ) শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেটের ফটোকপি যা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত, (গ) ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র, (ঘ) জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি।
- প্রার্থীকে ১২/১১/২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময় সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র জমা দিতে হবে।

স্বাঃ

(মোঃ রবিউল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মোংলা, বাগেরহাট।
ফোন-০৪৬৫৮-৭৩৩৩৬

স্মারক নং- ০৫.৪৪.০১৫৮.০০১.১১.০০৩.১৭- ৭৭৬/১(৪০)

তারিখঃ ১২-১০- ২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

- জেলা প্রশাসক, বাগেরহাট।
- পুলিশ সুপার, বাগেরহাট।
- উপ পরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- অফিসার ইন চার্জ, মোংলা থানা, মোংলা, বাগেরহাট।
- উপজেলা ----- অফিসার, মোংলা, বাগেরহাট।
- চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডে মাইকিংসহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- সম্পাদক, দৈনিক পূর্বাঞ্চল, খুলনা। বিজ্ঞপ্তি আগামী ১৯/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হলো।
- নোটিশ বোর্ড।
- অফিস কপি।

(মোঃ রবিউল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মোংলা, বাগেরহাট।